

পূর্ব বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পো:-বর্ধমান, জেলা-পূর্ব বর্ধমান, ৭১৩১০১

ফেরী ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে)

(তৃতীয় দফা)

স্মারক সংখ্যা-৮৬০/ডি.ই./ফেরী

তাং- ২৫/০৭/২০২২

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদের অধীন কালনা/সদর মহকুমা এলাকায় নিম্নলিখিত ফেরীঘাট সমূহের জন্য সিল মোহর করা খামে আর্থিক বছরের জন্য (২০২২-২৩ আর্থিক বছর) দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট বাঞ্চে জমা দিতে হইবে। দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলা কালীন যে কোন সময়ে জমা দেওয়া যেতে পারে।

ইচ্ছুক ব্যক্তিগণকে দরপত্র জমা দিবার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পূর্বে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। নিরাপত্তার বিষয়ে সরকারী আদেশনামা ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন অবশ্যই গ্রহন করিতে হইবে। প্রতিটি ফেরী ঘাটের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১ ভোট দেবার পরিচয় পত্রের নকল।

২ নির্দিষ্ট জমিন জমার অর্থ, ড্রাফট / পে অর্ডার এর মাধ্যমে জিলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ -এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিভিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইতে হইবে। (Earnest money through Bank Draft /Pay order will be in favour of District Engineer, Purba Bardhaman Zilla Parishad, payable at Bardhaman)

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার দিনই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট এর মাধ্যমে পূর্ব বর্ধমান জিলা পরিষদ এর নামে জমা দিতে হইবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সাত দিনের মধ্যে ফেরী মাসুলের হারের তালিকা সহ কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

অসফলকারী ডাকদাতাগণের জামিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফেরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি / সংস্থা পূর্বে জিলা পরিষদের পাওনা টাকা পরিষোধ করেন নাই বা জিলা পরিষদের শর্তানুযায়ী ঘাট ঠিকমত চলাইতে পারেন নাই, তাহাদের দেওয়া দরপত্র গ্রহণ করা হইবে না। ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহণ করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহণ করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য কারণে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া প্রকাশিত যে কোন ফেরী ঘাটের বা সমস্ত ফেরীঘাট গুলির দরপত্র বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

| ক্রমিক সংখ্যা | ফেরী ঘাটের নাম | মহকুমার নাম | দরপত্র জমা দিবার স্থান | সিল মোহর করা খামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ সময় ও তারিখ | জামিন জমারপরিমাণ (টাকা) | ডাকের সর্বনিম্ন পরিমাণ (টাকা) | দরপত্র খোলার তারিখ এবং সময় |
|---------------|----------------|-------------|---|---|-------------------------|-------------------------------|---|
| ১. | জলুইডাঙ্গা | কালনা | জেলা বাস্তুকার মহাশয়ের কক্ষ পূর্ব বর্ধমান জিলা পরিষদ | ১২/০৮/২০২২ (শুক্রবার) বেলা ৩.০০ ঘটিকায় | ৩০০০/- | ১৫,০০০/- | ১২/০৮/২০২২ (শুক্রবার) বেলা ৩.৩০ ঘটিকায় |
| ২. | চর কমলনগর | | | | ৫০০/- | ৪,০০০/- | |
| ৩. | কুলপাড়া | | | | ৪০০০/- | ১৮,০০০/- | |

জেলা বাস্তুকার
২০/০৭/২০২২
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা- ৬৩০/২/ডি.ই./ফেরী

তাং- ২৫/০৭/২০২২

উপ সচিব/ডি.আই.এ., পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org>-তে
সম্প্রচারের জন্য প্রেরিত হল।

জেলা বাস্তকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা- ৬৩০/২/২০ ডি.ই./ফেরী

তাং- ২৫/০৭/২০২২

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল-

জেলা সমাহর্তা, পূর্ব বর্ধমান ও নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত জেলা শাসক ও জেলা ভূমি ও ভূমি অধিগ্রহণ আধিকারিক, পূর্ব বর্ধমান/আর্থিক নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সচিব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/পৌরপতি, কালনা ও বর্ধমান পৌরসভা/মহকুমা শাসক, কালনা ও বর্ধমান সদর (দক্ষিণ) / সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)/নির্বাহী আধিকারিক, পঞ্চায়েত সমিতি (সকল)/সহকারী বাস্তকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর-সহকারী বাস্তকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর-সহকারী বাস্তকার, এস্টিমেট শাখা/গাণনিক শাখা, জেলা বাস্তকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

জেলা বাস্তকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

স্মারক সংখ্যা- ৬৩০/২/২০/২২ ডি.ই./ফেরী

তাং- ২৫/০৭/২০২২

প্রতিলিপি সভাপতি/সহকারী-সভাপতি/অধ্যক্ষ/কর্মধ্যক্ষ, জিলা পরিষদ (সকল) পূর্ব বর্ধমান জিলা পরিষদ-
এর অবগতির জন্য পাঠানো হল।

জেলা বাস্তকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ